

## কলান্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.৫৪ (ঐচ্ছিক)

উনিশ শতক : সমাজ ধারণার বিবর্তন ও প্রতিষ্ঠানের প্রতিক্রিয়া

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ১০x৩=৩০

- ৫। উনিশ শতকের বাংলায় ঔপনিবেশিক শিক্ষানীতি ও সরকারি পৃষ্ঠপোষকতায় ইংরেজি শিক্ষার আয়োজন বিষয়ে তোমার মন্তব্যসহ আলোচনা করো।
- ৬। উনিশ শতকের বাংলায় ঐতিহাসিক প্রেক্ষিতসহ ব্রাহ্ম আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার সামাজিক গুরুত্ব বুঝিয়ে দাও।
- ৭। তোমার কি মনে হয় উনিশ শতকের বাংলায় মান্য সংস্কৃতিতে লোকধর্মের ধারা অনেকটাই ক্ষীয়মান হয়ে গিয়েছিল? সামাজিক প্রেক্ষিত আলোচনা করে এ বিষয়ে তোমার মত জানাও।

- ১। সামাজিক লিঙ্গরূপের ধারণাটি স্পষ্ট করে উনিশ শতকের বাংলায় নানা উদ্যোগে মেয়েদের ঠিক কোন সামাজিক আদর্শে গড়ে তোলার চেষ্টা করা হচ্ছিল সে বিষয়ে তোমার মন্তব্যসহ আলোচনা করো। প্রসঙ্গত এ বিষয়ে তুমি কোনও স্ববিরোধিতা দেখ কি না তা জানাও।
- ২। উনিশ শতকের বাংলা সাহিত্যে মেয়েদের বিষয়ে অনেক সামাজিক বিধানকে প্রশ্ন করা হচ্ছিল। তোমার পড়া প্রাসঙ্গিক রচনার প্রেক্ষিতে বিষয়টি স্পষ্ট করো। সেই সব প্রশ্নের আজও কোনো প্রাসঙ্গিকতা আছে বলে তুমি মনে কর?
- ৩। উনিশ শতকের সমাজসংস্কার আন্দোলনকে তার ঐতিহাসিক প্রেক্ষিতে রেখে আজ যদি ফিরে দেখ, তাহলে তার জোর আর সীমাবদ্ধতা কীভাবে চিহ্নিত করবে?
- ৪। উনিশ শতকের বাংলায় স্ত্রীশিক্ষার সমর্থনে লেখা হলেও তুমি কি মনে কর শেষ পর্যন্ত 'সুশীলার উপাখ্যান' বইটি একভাবে মেয়েদের জন্য পুরুষতান্ত্রিক আদর্শই প্রতিষ্ঠা করে? বইটি রচনার ঐতিহাসিক প্রেক্ষিতটি মনে রেখে এই বিষয়ে তোমার মত জানাও।